

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
পাইকগাছা, খুলনা।



“বঙ্গবন্ধুর দর্শন
“সমবায়ের উন্নয়ন”

তারিখ: ০২/১২/২০২১ খ্রি.

স্মারক নং-৪৭.৬১.৪৭৬৪.০০০.৩২.০৬৬.৯৪. ২৩৬

বিষয়: ২০২০-২০২১ খ্রি. সনের বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদন প্রসঙ্গে।


সূত্র : জেলা সমবায় অফিসার, খুলনা মহোদয়ের ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের ৬১৫ নং আদেশ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি লিঃ এর ২০২০-২০২১ খ্রি. সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা নিয়ন্ত্রাঙ্করকারী কর্তৃক আগামী ০৮/১২/২০২১ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সমিতির কার্যালয়ে আরম্ভ করা হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত নিরীক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে। উক্ত নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে আপনার পূর্ণাঙ্গ সহযোগিতাসহ নিম্নোক্ত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র প্রস্তুত পূর্বক (নিরীক্ষা ম্যানুয়াল অনুযায়ী) আগামী ০৬/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিয়ন্ত্রাঙ্করকারীর নিকট দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় একতরফাভাবে নিরীক্ষা কার্য সম্পাদন করা হবে এবং সমিতির নিবন্ধন বাতিলের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবর সুপারিশ করা হবে।

উল্লেখ্য যে, নিদৃষ্ট তারিখ ও সময়ের মধ্যে অডিট কার্য সম্পাদন করা না হলে সমিতিটি সরাসরি নিবন্ধন বাতিলের সুপারিশ করা হবে।

- ১। নিরীক্ষা বর্ষের জমা-খরচ, ক্রয়-বিক্রয় ও লাভ-ক্ষতির হিসাব বিবরণী এবং ৩০/০৬/ ২০২১ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্র।
- ২। সমিতির হালনাগাদ লিপিবদ্ধকৃত সকল প্রকার হিসাবের রেজিস্টার, রেকর্ডপত্র, রশিদ ও ভাউচার।
- ৩। সমিতির ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত সকল দেনা-পাওনার বিস্তারিত তালিকা।
- ৪। ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখের ব্যাংক ব্যালান্স সার্টিফিকেটসহ সকল প্রকার হিসাবের (চলতি /এস.টি.ডি. ,সঞ্চয়ী এবং স্থায়ী হিসাব) লেন-দেন / জমা- উত্তোলনের বিবরণ (ব্যাংক স্টেটমেন্ট)।
- ৫। সমিতির ব্যবস্থাপনা ও সদস্য সম্পর্কিত রেকর্ড পত্র।
- ৬। সমিতির নিবন্ধিত উপ-আইন, সমিতির কর্মচারী নিয়োগ বিধিমালা।
- ৭। সদস্যদের পাস বহি।

এ ছাড়াও সমিতির সকল সদস্যদেরকে যথাযথভাবে জ্ঞাত করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।


(মোঃ বেনজীর আহমেদ)
নিরীক্ষা কর্মকর্তা

ও
উপজেলা সমবায় অফিসার
পাইকগাছা, খুলনা
ফোন: ০২৪৭৭৭৩১৬১৫
মোবা: ০১৯১২-৯৪৯৩৯৭

বিতরণ:

সভাপতি/সম্পাদক

ফুলবাড়ী বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ

পাইকগাছা, খুলনা।